অগ্রযাত্রার ১০ম বর্ষে আলহামদুলিল্লাহ্...

# পরিচিতি

## মাদানী নিসাব

'সর্টকোর্স' নয় বরং
"দরসে নেজামী"র মৌলিক পাঠ্যসূচী
অক্ষুন্ন রেখে শুধু পদ্ধতিগত সংস্কার
এবং "সময় সংকোচন ও মানোন্নয়নের"
মাধ্যমে ৭ বছরে
দাওরা হাদীস

স্থাপিত: ১৪৩৬ হিঃ / ২০১৫ ইং

# মাদরাসাতুল হুদা টাঙ্গাইল

মাদানী নিসাবের একটি অন্যতম প্রতিষ্ঠান


**প্রধান ক্যাম্পাস:** মেসের মার্কেট, কাগমারা, টাঙ্গাইল সদর।

**বালিকা শাখা ও কিন্ডার গার্টেন:** পশ্চিম আকুর টাকুর (কাগমারা রোড) টাঙ্গাইল।

ফোন: অফিস- ০১৮৬৯০৭৬৯৬৪, ০১৭২৭২৭৬০৬৯, ০১৯১৮৬৬৮১৮৮, ০১৭১৬৭১০৭১১

## -ঃ কিছু কথা ঃ-

## حامدا و مصليا و مسلما

আরবি ভাষা স্বয়ং আল্লাহ রাব্বুল আলামীনের পক্ষ হতে কোরআন ও সুন্নাহর ভাষা রূপে নির্বাচিত হয়েছে। সেহেতু আরবি ভাষার সাধারণ জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমানের ঈমানী দায়িত্ব। কেননা আমার আল্লাহ আমার দুনিয়া-আখেরাতের শান্তি ও মুক্তির জন্য কী নাজিল করেছেন এবং আমার নবী আমার জীবন সমস্যার সমাধানের জন্য কী রেখে গেছেন তা তরজমার মাধ্যম ছাড়া সরাসরি সে ভাষায় বোঝার চেষ্টা করাই তো হবে আমার আল্লাহ-প্রেম ও নবী-প্রেমের স্বতঃস্ফূর্ত দাবি। তবে কোরআন-সুন্নাহ্ ও শরীয়তের সুবিজ্ঞ ও সুযোগ্য আলেম হওয়ার জন্য আরবি ভাষায় পূর্ণ বুৎপত্তি অর্জন করা অপরিহার্য। ভাষার সাধারণ জ্ঞান এ ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। তাই যারা দ্বীন ও শরীয়তের আলেম হবে এবং কোরআন-সুন্নাহ্ ও শরীয়তের ইলমের "ধারক, বাহক ও রক্ষক" হবে তাদের জন্য আরবী ভাষার সাধারণ জ্ঞান অর্জনের পর ভাষার শাস্ত্রীয় ও তত্ত্বগত জ্ঞান অর্জন করা অপরিহার্য কর্তব্য। এ জন্য প্রয়োজন যুগোপযোগী ও বিজ্ঞানসম্মত এমন এক পাঠ পদ্ধতি অনুসরণ করা যা শিক্ষার্থীকে অতি সহজে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দেবে।

এ লক্ষ্যে তিন যুগ পূর্বে "المنهج المدنى" বা "মাদানী নেসাব"এর শুভসূচনা হয়। আলহামদুলিল্লাহ ! যা দীর্ঘ কয়েক যুগের পঠন-পাঠন ও চিন্তা-গবেষণার ফলে অর্জিত অভিজ্ঞতার আলোকে মাদারেসে কওমীয়ার শিক্ষাক্ষেত্রে এক নতুন দিগন্ত উন্মোচিত করেছে। বর্তমানে যার উপকারিতা ও ফলপ্রসূতা ব্যাপকভাবে বিস্তৃত ও সমাদৃত।

আমরা যে মহান নেসাবে তা'লীমের ক্ষুদ্র ফসল সেই দরসে নেজামীর "প্রাণ ও প্রেরণা" সযত্নে সংরক্ষণ পূর্বক শুধু পদ্ধতিগত সংস্কার সাধনই হলো "মাদানী নেসাব"এর উদ্দেশ্য। যেমন, বর্তমান দরসে নেজামীর মৌলিক পাঠ্যসূচি অক্ষুণ্ন রেখে শুধু "সময় সংকোচন ও মান উন্নয়ন"। "প্রত্যেক শাস্ত্রের প্রথম কিতাব মাতৃভাষায় হওয়া বাঞ্ছনীয়" এ মৌলিক চিন্তাকে সামনে রেখে প্রাথমিক স্তরে মাতৃভাষায় এবং সহজতর পদ্ধতিতে পাঠদান।

সেই সাথে প্রাথমিক পর্যায়ে ব্যাকরণের প্রত্যক্ষ প্রয়োগ ছাড়া শুধু ব্যবহারিক উপায়ে ভাষার সাধারণ জ্ঞান অর্জন করা, তারপর ব্যাকরণের মাধ্যমে ভাষাজ্ঞান সুসংহত করা। যা আমাদের আকাবিরগনের সর্বস্বীকৃত মূলনীতি এবং ভাষাশিক্ষার সবচে' কার্যকর ও আধুনিকতম পদ্ধতি।

সুতরাং "মাদানী নেসাব" তথাকথিত "সর্টকোর্স" জাতীয় কোন পদার্থ নয়। উল্লেখিত পদ্ধতি অনুসরণের ফলে আল্লাহর রহমতে এক বছরের মেহনতে তালিবে ইলমের মাঝে এই পরিমাণ যোগ্যতা অর্জিত হয় যে, কোরআন ও হাদীসের উল্লেখযোগ্য অংশের তরজমা সে নিজেই করতে পারে।

আমাদের নেসাবে তালীমে (স্তরতারতম্যসহ) মোট চারটি ভাষা অধ্যয়নের ব্যবস্থা থাকবে। মাতৃভাষা বাংলা, কোরআন ও সুন্নাহর ভাষা আরবী, উলুমুল কোরআন ও সুন্নাহর ভাষা উর্দু এবং আধুনিক জ্ঞান-বিজ্ঞানের ও কর্মজগতের প্রয়োজনীয় ভাষা ইংরেজি। পরিবর্তনশীল বর্তমানের মাধ্যমে গৌরবময় অতীত এবং মর্যাদাপূর্ণ ভবিষ্যতের মাঝে সংযোগ রক্ষা করাই হলো দরসে নেজামীর মূলশিক্ষা এবং মহান আকাবিরগনের দীক্ষা আর "মাদানী নেসাবের" উদ্দেশ্য হলো এর সুরক্ষা। (আদীব হুজুর দা.বা. এর বিভিন্ন লেখা হতে সংগৃহীত)

আলহামদুলিল্লাহ! ছুম্মা আলহামদুলিল্লাহ্! এ সকল মহান লক্ষ্য-উদ্দেশ্য সামনে রেখে আল্লাহ তায়ালার মেহেরবানিতে "মাদরাসাতুল হুদা টাঙ্গাইল" এর শিক্ষা কার্যক্রম সামনের দিকে এগিয়ে যাচ্ছে। শিক্ষাকার্যক্রমের ধারাবাহিকতা ও অগ্রযাত্রায় প্রতিষ্ঠানটি ১০ম বর্ষে পদার্পণ করতে যাচ্ছে আলহামদুলিল্লাহ। বর্তমানে প্রতিষ্ঠানটিতে মাদানী নিসাবের বালক শাখায় ১ম বর্ষ হতে ৫ম বর্ষ পর্যন্ত এবং মাদানী নিসাবের বালিকা শাখায় ১ম বর্ষ হতে ৩য় বর্ষ পর্যন্ত, হিফজ ও নাজেরা মক্তব (বালক/বালিকা), নূরানী কিন্ডার গার্টেন বিভাগের শিক্ষা কার্যক্রম চলছে। সেই সাথে নারীদের জন্য কোরআন শিক্ষা ও জরুরি মাসায়েল শেখার ব্যবস্থা থাকবে ইন শা আল্লাহ।

"মাদরাসাতুল হুদা টাঙ্গাইল" এর সার্বিক উন্নতি-অগ্রগতির জন্য আপনার দোয়া ও সহযোগিতা কামনা করছি। মহান আল্লাহ রাব্বুল আলামীন উক্ত প্রতিষ্ঠানটি ও আমাদের চেষ্টা-প্রচেষ্টা কবুল করুন এবং মাকবুল করুন। আমীন।

## -: লক্ষ্য ও উদ্দেশ্য :-

* মহান আল্লাহ তায়ালা ও তাঁর রাসূলের সন্তুষ্টি অর্জন এবং
  ইহকালিন ও পরকালিন শান্তি-সফলতা ও মুক্তি লাভ।
* দ্বীন ও দ্বীনি ইলম তথা কোরআন-সুন্নাহ্ ও শরীয়তের ইলমের প্রচার, প্রসার ও সংরক্ষণ।
* তালিবে ইলমদেরকে কোরআন-সুন্নাহ ও শরীয়তের ইলমের ধারক, বাহক ও রক্ষক”
  এবং দ্বীনের দায়ী রূপে গড়ে তোলা।
* “ইলমে নববী, আমলে নববী, আখলাকে নববী ও আফকারে নববী” অর্জনের সর্বাত্মক সাধনা।
* তালীম-তায়ালুম, দা'ওয়াত-খিদমত ও তাজকিয়ার (আত্মশুদ্ধি) অনুশীলন।

## -: শিক্ষা বিভাগ :-

# কিতাব বিভাগ, বালক শাখা (মাদানী নিসাব, ১ম বর্ষ থেকে ৫ম বর্ষ)
# কিতাব বিভাগ, বালিকা শাখা (মাদানী নিসাব, ১ম বর্ষ থেকে ৩য় বর্ষ)
# নাযেরা মক্তব ও হিফজ বিভাগ (বালক শাখা)
# নাযেরা মক্তব ও হিফজ বিভাগ (বালিকা শাখা)
# কিন্ডার গার্টেন (শিশু, প্রথম, দ্বিতীয়, তৃতীয়)

## -: শিক্ষা বৈশিষ্ট্য :-

### কিতাব বিভাগ (বালক/বালিকা)

* দরসে নেজামির মৌলিক পাঠ্যসূচি অক্ষুণ্ন রেখে শুধু পদ্ধতিগত সংস্কার ও সময় সংকোচন
  ও মানোন্নয়নের মাধ্যমে সাত বছরে দাওরা হাদীস।
* আল্লামা আবু তাহের মেসবাহ দা.বা. প্রণীত যুগান্তকারী শিক্ষাব্যবস্থা “মাদানী নেসাব”
  অনুসরণ।

## -: পাঠদান পদ্ধতি :-

* মাদরাসাতুল মাদীনাহ্ এর বর্তমান পাঠদান পদ্ধতি অনুসরণ।
* দরসের সবক দরসেই আত্মস্থ করা। তাকরার ও মুতালায়ার নেগরানী। ।
* প্রাথমিক পর্যায়ে বাংলা ও আরবি মাধ্যমে পাঠদান, পরবর্তীতে স্তরতারতম্য হিসেবে মোট
  চারটি ভাষায় তথা বাংলা, আরবী, উর্দু ও ইংরেজীতে তালিবে ইলমদের দক্ষ করে গড়ে তোলা।
* পড়া, লেখা, বলা ও শোনা অর্থাৎ ভাষা শেখার মৌলিক এ চারটি পদ্ধতিতে সমান গুরুত্ব প্রদান।
* “ক্বাওয়াইদুল ইমলা” / বিশুদ্ধ বানান লিখন পদ্ধতি অনুশীলন ও সুন্দর হস্তাক্ষর
  (বাংলা,আরবী, উর্দু ও ইংরেজি), শ্রুতিলিপি ও দ্রুত লিখন অনুশীলন।
* সেমিস্টার পদ্ধতিতে পাঠদান।
* মূলপাঠের সাথে পর্যাপ্ত অনুশীলনী।
* বালিকা শাখায় শতভাগ শরয়ী পর্দার সাথে পাঠদান। নিচ্ছিদ্র নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসন ব্যবস্থা।
* বালিকা শাখায় আবাসিক/অনাবাসিক/ডে-কেয়ার ব্যবস্থা।
* বালিকা শাখায় মাদানী নেসাবের দক্ষ, যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকমণ্ডলীর মাধ্যমে
  “মাদানী নিসাব” এর পাঠ্যসূচিতে পাঠদান।
* বালিকাদের জন্য আদর্শ তারবীয়াত/দীক্ষা ও যুগোপযোগী তা’লীম/শিক্ষা।
* বালিকা শাখার নাযেরা-হিফজ বিভাগে অভিজ্ঞ, প্রশিক্ষণপ্রাপ্ত হাফেজা-আলেমা শিক্ষিকা দ্বারা
  পাঠদান।
* বালিকা শাখায় বয়স্ক নারীদের জন্য কোরআন শিক্ষা ও দ্বীনিয়াত (জরুরি মাসায়েল) শেখার
  ব্যবস্থা থাকবে।

## -: নাজেরা ও হিফজ বিভাগ (বালক/বালিকা) :-

* হিফজ ও নাজেরা মক্তব বিভাগে 'হুফফাযুল কোরআন' এর প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ শিক্ষক মণ্ডলীর মাধ্যমে পাঠদান।
* নিয়মিত সাপ্তাহিক ও মাসিক পরীক্ষার মাধ্যমে তালিবে ইলমদের ইয়াদ ও পড়ার মান যাচাই এবং বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ।
* অভিজ্ঞ অতিথি উসতাজের মাধ্যমে অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষা গ্রহণ ও মান যাচাই।
* বাংলা, গণিত, ইংরেজি ও সাধারণজ্ঞানের নিয়মিত দরস (ক্লাস)।
* তালিবে ইলমদের আমল-আখলাক, শিক্ষা-দীক্ষা ও সার্বিক উন্নতি-অগ্রগতির লক্ষ্যে তারবিয়াতি মজলিস।

## -: নাজেরা-মক্তব :-

* ৬ মাসে মাখরাজ-সিফাত ও কাওয়ায়ীদ-তাজবীদসহ নাজেরার উপযোগী করে গড়ে তোলা।
* এক বছরে মশ্‌কের সাথে (মাখরাজ-সিফাত ও কাওয়ায়ীদ-তাজবীদের সাথে) পুরো কুরআন খতম করা।
* কায়দা ও নাজেরার তালিবে ইলমদেরকে গ্রুপভিত্তিক সবক দেয়া, মশ্‌ক করানো ও সবক আদায় করা।

## -: হিফজ :-

* তিন বছরে ইয়াদের সাথে হিফজ সমাপনের চেষ্টা।
* নিয়মিত মাখরাজ-সিফাত ও কাওয়ায়ীদ-তাজবীদ মশ্‌কের ব্যবস্থা।
* মশকের সাথে সবক, সাতছবক, আমুখতা আদায় ও সাপ্তাহিক সবিনা।

## -: নূরানী কিন্ডার গার্টেন :-

* বিশুদ্ধভাবে কুরআন শিক্ষা। ৩য় শ্রেনির সাথে নাযেরা সমাপ্ত করে হিফযের উপযোগী করে গড়ে তোলা।
* প্লে থেকে ৩য় শ্রেনি পর্যন্ত আরবির সাথে সমান গুরুত্ব দিয়ে পূর্ণাঙ্গ জেনারেল শিক্ষা।
* প্রত্যেক শিক্ষার্থীর বাংলা, ইংরেজি ও আরবি হাতের লেখা সুন্দর ও আকর্ষণীয় হওয়ার নিশ্চয়তা।
* অত্যন্ত যত্ন সহকারে ক্লাসের পড়া ক্লাসেই মুখস্থ, আত্মস্থ করানো।
* দুর্বল মেধা ও অমনযোগী শিক্ষার্থীদের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান।
* শিক্ষার্থীদের বিশুদ্ধ ভাষা চর্চার প্রতি গুরুত্ব প্রদান।
* প্রশিক্ষণপ্রাপ্ত, মেধাবী, অভিজ্ঞ, উদ্যমী, আদর্শ ও দ্বীনদার শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান।
* প্রতেক শিক্ষার্থীর জন্য 'সিঙ্গেল ডেস্কের' ব্যবস্থা।
* নিয়মিত, সাপ্তাহিক/মাসিক পরীক্ষার মাধ্যমে পাঠোন্নতি মূল্যায়ন।
* ৪০টি হাদিস, নামায, দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় মাসায়েল, মাসনুন দোয়া, আল্লাহ্ তা'য়ালার ৯৯ নাম মুখস্থ করা বাধ্যতামূলক।
* কৃতি শিক্ষার্থীদের উৎসাহমূলক পুরস্কার প্রদান।
* 'নূরানী তালিমুল কুরআন চট্টগ্রাম বোর্ডের' সিলেবাসের আলোকে পাঠদান।

## -: প্রাতিষ্ঠানিক বৈশিষ্ট্য :-

* মহান আল্লাহ তায়ালার প্রতি তাওয়াক্কুল (নির্ভরতা) ও আত্মনির্ভরশীলতা এবং গতানুগতিক কালেকশনমুক্ত। রাজনীতি ও সব ধরনের সাংগঠনিক রূপ থেকে নির্লিপ্ততা।
* মাদানী নেসাবের প্রবীণ মুরুব্বীগণের দোআ ও ইজাজত এবং তত্ত্বাবধানে পরিচালিত।
* মাদানী নেসাবের দক্ষ, যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকমণ্ডলীর মাধ্যমে পাঠদান।

## -: বক্তৃতা, রোজনামচা, পাঠাগার :-

* মেধাবিকাশ ও সাহিত্যচর্চার অংশ হিসেবে একটি সমৃদ্ধ পাঠাগার।
* বাধ্যতামূলক বাংলা ও আরবিতে 'রোজনামচা' (ডায়েরি) লেখা।
* নিয়মিত বাংলা, আরবি, উর্দু দেয়ালিকা প্রকাশ।
* বিষয় ভিত্তিক প্রবন্ধ ও বিতর্ক (মুনাজারা) প্রতিযোগিতা।
* মাসিক হাফলা (বাংলা, আরবি,উর্দু ও ইংরেজি বক্তৃতা প্রশিক্ষন)। প্রথম বর্ষে দ্বিতীয় পর্ব থেকে সাপ্তাহিক হাফলা (আরবি)।

## -: দৈনন্দিন আমল :-

* সময়ের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে দৈনন্দিন রুটিন ও নির্ধারিত ছকে তালিবে ইলমদের অভ্যস্ত করে তোলা।
* দৈনন্দিন আমলগুলো ইজতেমায়ীভাবে আদায় ও নেগরানী।
* নির্ধারিত "প্রতিবেদন বই"য়ে দৈনন্দিন ইলমী-আমলী মুহাসাবা। তালিবে ইলমের মাসিক ও মৌলিক পরীক্ষার ফলাফল ও ছুটি-অনুপস্থিতি, ইলমী-আমলী তরক্কী উসতাজ ও অভিভাবক কর্তৃক পর্যবেক্ষণ ও মূল্যায়ন। বিরতি (ছুটি) এর সময়গুলোতে মাদরাসা থেকে সুনির্ধারিত ইলমী-আমলী কর্মসূচি প্রদান ।
* হাফেজ তালিবুল ইলমদের জন্য সাপ্তাহিক সবিনা (তিন থেকে পাঁচ পারা) এবং গায়রে হাফেজদের জন্য মশক ও নির্ধারিত পরিমাণ হিফজের ব্যবস্থা ।
* প্রাত্যহিক তিলাওয়াতের নেগরানী ও হিফজুল হাদিসের দরস (বর্ষপ্রতি নূন্যতম ২০০টি হাদিস)।

## -: তারবিয়ত :-

* ইলম, আমল, আখলাক ও আফকারের উন্নতির লক্ষ্যে মাসিক তারবীয়তি মজলিস।
* তারবিয়ত ও আত্মশুদ্ধির অংশ হিসেবে ওলামায়ে কিরাম, বুজুর্গানে দ্বীনের খিদমতে উপস্থিতি ও মাদরাসায় তাদের নিয়মিত আগমনের ব্যবস্থা।
* দাওয়াত ও তাবলীগের মেজাজ তৈরির উদ্দেশ্যে মহল্লাওয়ারী মেহনত ও খুরুজ।
* তালিবে ইলমদের আমল-আখলাক, শিক্ষা-দীক্ষা ও সার্বিক উন্নতি-অগ্রগতির বিষয়ে অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ ও পরামর্শ এবং অভিভাবক সম্মেলনের আয়োজন।

## -: ব্যবস্থাপনা :-

শহরের কোলাহলমুক্ত এলাকায় অবস্থিত। সুষ্ঠু ব্যবস্থাপনাসহ নিরাপদ আবাসন। সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা। মানসম্পন্ন ও সুষম খাবার পরিবেশন।

## -: ভর্তি সংক্রান্ত তথ্য :-

### কিতাব বিভাগের ভর্তির তারিখ :-

১ রমজান থেকে ৯ ও ১০ শাওয়াল (ঈদুল ফিতর পরবর্তী ৯ম ও ১০ম দিন)

### দরস/ক্লাস শুরু :-

১১ শাওয়াল

### -: ভর্তি পদ্ধতি :-

* ভর্তির সময় অভিভাবককে অবশ্যই উপস্থিত থাকতে হবে।
* ভর্তি ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় তথ্য উল্লেখ পূর্বক অভিভাবক কর্তৃক আবেদন করতে হবে।
* ভর্তি ফরমের সাথে তালিবে ইলমের সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও জন্ম নিবন্ধন সনদ এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

### -: কিতাব বিভাগের ভর্তির যোগ্যতা :-

* হাফেজ/ বিশুদ্ধভাবে কোরআন পড়ার যোগ্যতা।
* বাংলা, গণিত ও ইংরেজির সাধারণ জ্ঞান থাকা।

### -: নাজেরা ও হিফজ বিভাগ (বালক/বালিকা) ভর্তি সংক্রান্ত তথ্য :-

* হিফজ ও নাজেরা মক্তব বিভাগে (বালক/বালিকা) আসন সংখ্যার ভিত্তিতে সারা বছর ভর্তি চলবে।
* কিন্ডাগার্টেন শাখায় ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর বয়সী শিক্ষার্থী ভর্তি হতে পারবে।

### -: প্রাতিষ্ঠানিক প্রদেয় :-

| | |
|---|---|
| ভর্তি ফরম | : ১০০ টাকা। |
| ভর্তি ফি | : ৩,০০০ টাকা। |
| আসবাব (লকার, টেবিল, খানার আসবাব) | : ১,৫০০ টাকা। |
| **মাসিক প্রদেয় :** | |
| আবাসিক: বেতন+আবাসন | : ১,৫০০ টাকা। |
| খানা - সাধারন | : ২,৩০০ টাকা। |
| বিশেষ | : ৩,৩০০ টাকা। |
| অনাবাসিক: বেতন | : ১,৫০০ টাকা। |

**ভর্তিকালীন নতুনদের প্রথম মাসের অজিফাসহ মোট প্রদেয়:**
**সাধারণ খানা: ৮,৪০০ টাকা, বিশেষ খানা: ৯,৪০০ টাকা।**

**মাদরাসার সাথে যাবতীয় লেনদেন অভিভাবক নিজে করার চেষ্টা করবেন এবং মাদরাসার মাসিক প্রদেয় মাসের ০৫ তারিখের মধ্যে পৌঁছে দেবেন। তালিবে ইলমের মাধ্যমে লেনদেন কাম্য নয়। সর্বমোট ১২ মাসের অজিফা (মাসিক বেতন) প্রদান করতে হবে। বিরতি ও অনুপস্থিতির সময়গুলোর পূর্ণ অজিফা প্রদান করতে হবে।**

# প্রথম বর্ষ থেকে পঞ্চম বর্ষ পর্যন্ত মাদানী নিসাবের পাঠ্যপুস্তকের তালিকা

| الكتب المختارة للسنة الدراسية الأولى | প্রথম বর্ষের পাঠ্যসূচী |
|---|---|
| الطريق إلى العربية | ১। এসো আরবি শিখি (আরবি ভাষা) |
| التمرين الكتابي على الطريق إلى العربية | ২। আত তামরীনুল কিতাবী (আরবি ভাষার উপর অনুশীলন) |
| الطريق إلى الصرف | ৩। এসো সরফ শিখি (আরবি ব্যাকরণ) |
| (قصص النبيين للأطفال مع التعليقات (الجزء الأول | ৪। কসাসুন নাবিয়্যিন (দারুল কলম থেকে অনুশীলনীসহ প্রকাশিত) (১ম খন্ড) (আরবি সাহিত্য) |
| اللغة البنغالية و أدبها | ৫। বাংলা ভাষা ও সাহিত্য (বিশুদ্ধ উচ্চারণে দ্রুতপঠন, নির্ভুল বানানে লিখা, রচনা ও বাংলা ব্যাকরণ চর্চা) |
| (سلسلة العقائد و السيرة النبوية ، القلم) | (আকীদা সিরিজ, সিরাত সিরিজ, আল-কলম (পুষ্প) ও বেফাক-৫ম শ্রেণী) |

| الكتب المختارة للسنة الدراسية الثانية | দ্বিতীয় বর্ষের পাঠ্যসূচী |
|---|---|
| (الطريق إلى القرآن (الجزء الأول و الثاني | ১। এসো কোরআন শিখি (১-২ খন্ড) (আল-কোরআনের তরজমা) |
| الطريق إلى النحو | ২। এসো নাহব শিখি (আরবি ব্যাকরণ) |
| الطريق إلى الفقه | ৩। এসো ফিকাহ শিখি (ফিকহে ইসলামী) |
| (القراءة الراشدة (الجزء الأول و الثاني | ৪। আল ক্বিরাআতুর রাশিদা (১-২ খন্ড) (আরবি সাহিত্য) |
| الهادي إلى الصرف | ৫। আল হাদী ইলাস সরফ (আরবি ব্যাকরণ) |
| (قصص النبيين للأطفال مع التعليقات (الجزء الثاني, الثالث | ৬। কসাসুন নাবিয়্যিন (দারুল কলম থেকে অনুশীলনীসহ প্রকাশিত) (২য়,৩য় খন্ড) (আরবি সাহিত্য) |
| تيسير الفقه الميسر | ৭। তাইসিরুল ফিকহিল মুয়াসসার (ফিকহে ইসলামী) |
| الطريق إلى الأردية | ৮। এসো উর্দু শিখি (উর্দু ভাষা) |
| شرح مأة عامل ، النحو الواضح | ৯। শরহে মিয়াতে আমেল, আন নাহবুল ওয়াজিহ (আরবি ব্যাকরণ) |
| حفظ الحديث الشريف | ১০। হিফজুল হাদিস (২০০টি) |
| اللغة البنغالية و أدبها | ১১। বাংলা ভাষা-সাহিত্য, ব্যাকরণ (বেফাক-৬ষ্ঠ) |

| الكتب المختارة للسنة الدراسية الثالثة | তৃতীয় বর্ষের পাঠ্যসূচী |
|---|---|
| (الطريق إلى القرآن (الجزء الثالث و الرابع | ১। এসো কোরআন শিখি (৩,৪ খন্ড) (আল-কোরআনের তরজমা) |
| هداية النحو | ২। হিদায়াতুন নাহু (আরবি ব্যাকরণ) |
| مختصر القدوري | ৩। মুখতাসারুল কুদুরী (ফিকহে ইসলামী) |
| (القراءة الراشدة (الجزء الثالث | ৪। আল ক্বিরাআতুর রাশিদা (৩ খন্ড) (আরবি সাহিত্য) |
| تسهيل المنطق و المرقات | ৫। তাসহীলুল মান্তিক, মিরকাত। (দর্শন) |
| الطريق إلى الأردية | ৬। এসো উর্দু শিখি (উর্দু ভাষা) |
| كافية | ৭। কাফিয়া (আরবি ব্যাকরণ) |
| (مختارات من أدب العرب (الجزء الأول | ৮। মুখতারাত (১ম খন্ড) (আরবি সাহিত্য) |
| ( قصص النبيين للأطفال مع التعليقات | ৯। কসাসুন নাবিয়্যিন (দারুল কলম থেকে অনুশীলনীসহ প্রকাশিত) (৪র্থ খন্ড) (আরবি সাহিত্য) |
| الطريق إلى البلاغة | ১০। এসো বালাগাত শিখি (আরবি অলঙ্কার শাস্ত্র) |
| اصول الشاشي | ১১। উসুলুশ শাশী (ফিকহে ইসলামীর মূলনীতি) |
| حفظ الحديث الشريف | ১২। হিফজুল হাদিস (২০০টি) |
| مادة الحساب | ১৩। গণিত (৮ম শ্রেনি সমমান) (বেফাক) |

| الكتب المختارة للسنة الدراسية الثالثة | চতুর্থ বর্ষের পাঠ্যসূচী (বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের শরহে বেকায়া নেসাব) |
|---|---|
| ترجمة القرآن الكريم | ১। আল কোরআনুল কারীম (আল-কোরআনের ১ম ১৫ পারা তরজমা) |
| (شرح الوقاية (الجزء الأول و الثاني | ২। শরহে বিকায়া (১-২ খন্ড) (ফিকহে ইসলামী) |
| (المقامات الحريرية (عشر مقامات | ৩। মাকামাতে হারিরি (আরবি সাহিত্য) |
| (مختصر المعاني (400 صفحة | ৪। মুখতাসারুল মাআনী (অলংকারশাস্ত্র) |
| السراجي فى الميراث | ৫। আস-সিরাজী ফিল মিরাস (উত্তরাধিকার সম্পদ বন্টণনীতি) |
| نور الأنوار | ৬। নূরুল আনওয়ার (ফিকহে ইসলামীর মূলনীতি) |
| الطريق إلى الإنشاء | ৭। আত্‌তরীকু ইলাল ইনশা (আরবি সাহিত্য) |
| حفظ الحديث الشريف | ৮। হিফজুল হাদিস (২০০টি) |

| الكتب المختارة للسنة الدراسية الثالثة | পঞ্চম বর্ষের পাঠ্যসূচী |
|---|---|
| تفسير الجلالين | ১। তাফসীরে জালালাইন (তাফসীরুল কোরআন) |
| الطريق إلى تفسير القرآن الكريم | ২। আত তরীকু ইলা তাফসীরিল কোরআন (তাফসীরুল কোরআন)। |
| (الهداية (الجزء الأول و الثاني | ৩। আল হিদায়া (১-২ খন্ড) (ফিকহে ইসলামী)। |
| نور الأنوار | ৪। নূরুল আনওয়ার (ফিকহে ইসলামীর মূলনীতি)। |
| شرح عقيدة الطحاوي | ৫। আকীদাতুত ত্বহাবী (ইসলামী আকায়িদ)। |
| الفوز الكبير | ৬। আল ফাউযুল কাবীর (তাফসীর শাস্ত্রের মূলনীতি)। |
| (علوم القرآن (اردو | ৭। উলুমুল কোরআন (তাফসীর শাস্ত্রের মূলনীতি)। |
| السراجي فى الميراث | ৮। আস-সিরাজী ফিল মিরাস (উত্তরাধিকার সম্পদ বন্টণনীতি) |
| رياض الصالحين | ৯। রিয়াযুস সালিহীন (হাদিসে নববী) |
| البلاغة الواضحة | ১০। আল বালাগাতুল ওয়াজেহা (অলংকারশাস্ত্র) |
| اللغة الإنجليزية | ১১। ইংরেজি |
| حفظ الحديث الشريف | ১২। হিফজুল হাদিস (২০০টি) |

## -: পরীক্ষা পদ্ধতি :-

* কিতাব বিভাগ ও হিফয-মক্তব বিভাগে দুই পর্বে মূল দুটি পরীক্ষা (লিখিত ও মৌখিক) ও নিয়মিত মাসিক পরীক্ষা গ্রহণ।
* কিন্ডারগার্টেনে তিনটি মূল পরীক্ষা ও নিয়মিত মাসিক পরীক্ষা গ্রহণ।
* ফলাফলের প্রতিবেদন অভিভাবক কর্তৃক মূল্যায়ন।

## -: শিক্ষাবর্ষ :-

* মাদরাসার মোট কার্যদিবস ২৭০ দিন (হিজরি সন অনুযায়ী)।
* শাওয়াল হতে শাবান পর্যন্ত দুই পর্বে মোট ২০০ দিন দরস।
* বিভিন্ন মেয়াদে বাৎসরিক বিরতি/ ছুটি মোট ৮০ দিন।
* ২৭ শাবান হতে ২৫ রমযান পর্যন্ত মাদরাসার (হিফজ ও নাজেরা বিভাগের) শিক্ষা কার্যক্রম চলবে।

## -: বিরতি / ছুটি :-

* ঈদুল আজহা উপলক্ষ্যে ৭ জিলহজ্ব হতে ১৮ জিলহজ্জ পর্যন্ত ১২ দিন।
* অর্ধবার্ষিক পরীক্ষা পরবর্তী বিরতি ১৪ রবিঃ আউঃ হতে ২১ রবিঃ আউঃ পর্যন্ত ৭ দিন।
* বার্ষিক পরীক্ষা পরবর্তী ২৪ শাবান হতে ৮ শাওয়াল পর্যন্ত মাদরাসার (কিতাব বিভাগের) শিক্ষা কার্যক্রম স্থগিত থাকবে।
* এছাড়া প্রতি ৪ সপ্তাহ অন্ত অন্ত ৩ দিন মাসিক বিরতি থাকবে (বুধবার বেলা- ১১.০০টা হতে শনিবার আসর পর্যন্ত)
* জাতীয় দিবসগুলোতে মাদরাসায় শুধু দরস/ক্লাস বিরতি থাকবে। বিভিন্ন সৃজনশীল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

## -: সাক্ষাৎ ও যোগাযোগ :-

* **শুধু শুক্রবার তালিবে ইলমের সাথে সাক্ষাৎ করা যাবে।**
* **আসরের পর থেকে মাগরিব পর্যন্ত ও এশার পর (৯:১৫) থেকে রাত ১০:১৫ পর্যন্ত তালিবে ইলমের সাথে ফোনে কথা বলা যাবে।**
* **নির্ধারিত দিন ছাড়া সাক্ষাত কিংবা ফোনে যোগাযোগ আপনার সন্তানের লেখা-পড়ার মনোযোগ নষ্ট করবে এবং তার ইলমী-আমলী উন্নতি-অগ্রগতিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে।**

## -: খাবারের তালিকা :-

| # | শনিবার | রবিবার | সোমবার | মঙ্গলবার | বুধবার | বৃহস্পতিবার | শুক্রবার |
|---|---|---|---|---|---|---|---|
| সকাল | ভর্তা, ডাল, ভাত | ডালভর্তা, ভাত | মুরগির গোশত, খিচুড়ি | ভর্তা, ডাল, ভাত | ভাজি, ডাল, ভাত | ডালভর্তা, ভাত | ডিম ভুনা, খিচুড়ি |
| দুপুর | মাছ, ডাল, ভাত | মুরগির গোশত, ডাল, ভাত | ডিম, ডাল, ভাত | মাছ, ডাল, ভাত | মুরগির গোশত, ডাল, ভাত | ডিম, ডাল, ভাত | গোরুর গোশত, ডাল, ভাত |
| রাত | মুরগির লটপটি, ভাত | ভাজি, ডাল, ভাত | মাষ/বুটের ডাল, ভাত | মুরগির লটপটি, ভাত | শাক, ডাল, ভাত | সবজি, ভাত | শাক, ডাল, ভাত |

* দুপুরে নিয়মিত আমিষ থাকবে।
* সকাল / রাতে ঋতুভেদে ও বাজারের অবস্থাভেদে তালিকাতে পরিবর্তন হতে পারে।

## -: বিশেষ খাবারের তালিকা :-

| বার | সকাল | দুপুর | রাত |
|---|---|---|---|
| **শনিবার** | মুরগি | মাছ | ডিম ভাজি |
| **রবিবার** | মাছ ভাজি | মুরগি | ডিম ভুনা |
| **সোমবার** | বিরিয়ানি | ডিম | মুরগি ভুনা |
| **মঙ্গলবার** | ডিম ভাজি | মাছ | গরু |
| **বুধবার** | মাছ | মুরগি | ডিম |
| **বৃহঃপতিবার** | মুরগি | ডিম | ভাজি/বড়া/ভর্তা |
| **শুক্রবার** | বিরিয়ানি | গরু | ডিম ভাজি |

## -: সম্মানিত অভিভাবকের জ্ঞাতার্থে :-

তালিবে ইলমের ইলমী, আমলী উন্নতির জন্য আসাতিযা কিরামের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা জরুরি। সপ্তাহে একবার ফোনে ও মাসে একবার সরাসরি মাদরাসায় উপস্থিত হয়ে তালিবে ইলমের তরক্কীর খোঁজ গ্রহণ করবো। এছাড়া অভিভাবক সম্মেলনে অবশ্যই অংশগ্রহণ করবো।

মাদরাসার বিরতির সময়গুলোতে তালিবে ইলমের ইলমী-আমলী ও মাদরাসা থেকে দেয়া কাজগুলো তদারকি করবো। বিরতি শেষে যথাসময়ে নিজ দায়িত্বে তালিবে ইলমকে মাদরাসায় পৌঁছে দিবো। তালিম-তারবিয়াতের অন্যতম শর্ত নিরবচ্ছিনতা। তাই মাদরাসার নির্ধারিত বিরতি (ছুটি) ছাড়া অন্য কোন ধরনের ছুটির আবেদন করবো না। পারিবারিক কোন অনুষ্ঠানে তালিবে ইলমের উপস্থিতি কাম্য হলে তা তার বিরতির সময়গুলোতে করতে হবে। অন্যথায় তা তার অগোচরে রাখতে হবে।

আল্লাহ পাক আমাদের দ্বারা সন্তানের জিসমানী খিদমত নিচ্ছেন, আর আসাতিযা কিরামের তালিম ও তারবিয়াতের মাধ্যমে তার রুহানী খিদমত নিচ্ছেন। এককথায় আমাদের সন্তানকে প্রকৃত মানুষ ও পূর্ণ মুমিনরূপে গড়ে তোলার জন্য আসাতিযা কিরাম অপরিসীম কোরবানি করছেন। সুতরাং আমাদের সন্তানের সকল নতুন ও পুরাতন আসাতিযা কিরামের প্রতি অন্তরে ভক্তি, মোহব্বত ও আযমত পোষণ করবো। নিজেও তাদের আদব রক্ষা করবো এবং সন্তানকেও তা করতে উদ্বুদ্ধ করবো। বস্তুত এটাকে ইলম ও আমল হাসিল হওয়ার অন্যতম শর্ত মনে করবো।

হালাল রুজি দ্বীনি ইলম ঘরে আসার জন্য অপরিহার্য শর্ত। সুতরাং শরিয়তের হুকুম জেনে হালাল উপার্জনে সর্বদা সচেষ্ট থাকবো এবং আমার সন্তানকে হালাল রুজি পৌঁছাতে চেষ্টা করবো।

মা-বাবার জীবন এবং ঘরের আগাগোড়া পরিবেশ পূর্ণ শরীয়তসম্মত হওয়া সন্তানের বা-আমল হওয়ার জন্য অত্যন্ত সহায়ক এবং জরুরি। যে ঘরে শরীয়তের হুকুম লঙ্ঘন হতে থাকে সে ঘরে আল্লাহ ও তার রাসূলের ইলম দাখিল হতে চায় না। সুতরাং আমি আমার এবং আমার অধীনস্থ সকলের লেবাস-পোষাক ও আখলাক-চরিত্র সুন্নত মোতাবেক রাখতে সর্বদা সচেষ্ট থাকবো।

# ২০২৪-২০২৫ ঈসায়ী শিক্ষাবর্ষের প্রাতিষ্ঠানিক ক্যালেন্ডার

| বার/মাস | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টে. | অক্টো. | নভে. | ডিসে. | জানুয়ারী | ফেব্রুয়ারী | মার্চ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সোম | ১ | | | ১ | | | | | | | | |
| মঙ্গল | ২ | | | ২ | | | ১ | | | | | |
| বুধ | ৩ | ১ | | ৩ | | | ২ | | | ১ | | |
| বৃহঃ | ৪ | ২ | | ৪ | ১ | | ৩ | | | ২ | | |
| শুক্র | ৫ | ৩ | | ৫ | ২ | | ৪ | ১ | | ৩ | | |
| শনি | ৬ | ৪ | ১ | ৬ | ৩ | | ৫ | ২ | | ৪ | ১ | ১ |
| রবি | ৭ | ৫ | ২ | ৭ | ৪ | ১ | ৬ | ৩ | ১ | ৫ | ২ | ২ |
| সোম | ৮ | ৬ | ৩ | ৮ | ৫ | ২ | ৭ | ৪ | ২ | ৬ | ৩ | ৩ |
| মঙ্গল | ৯ | ৭ | ৪ | ৯ | ৬ | ৩ | ৮ | ৫ | ৩ | ৭ | ৪ | ৪ |
| বুধ | ১০ | ৮ | ৫ | ১০ | ৭ | ৪ | ৯ | ৬ | ৪ | ৮ | ৫ | ৫ |
| বৃহঃ | ১১ | ৯ | ৬ | ১১ | ৮ | ৫ | ১০ | ৭ | ৫ | ৯ | ৬ | ৬ |
| শুক্র | ১২ | ১০ | ৭ | ১২ | ৯ | ৬ | ১১ | ৮ | ৬ | ১০ | ৭ | ৭ |
| শনি | ১৩ | ১১ | ৮ | ১৩ | ১০ | ৭ | ১২ | ৯ | ৭ | ১১ | ৮ | ৮ |
| রবি | ১৪ | ১২ | ৯ | ১৪ | ১১ | ৮ | ১৩ | ১০ | ৮ | ১২ | ৯ | ৯ |
| সোম | ১৫ | ১৩ | ১০ | ১৫ | ১২ | ৯ | ১৪ | ১১ | ৯ | ১৩ | ১০ | ১০ |
| মঙ্গল | ১৬ | ১৪ | ১১ | ১৬ | ১৩ | ১০ | ১৫ | ১২ | ১০ | ১৪ | ১১ | ১১ |
| বুধ | ১৭ | ১৫ | ১২ | ১৭ | ১৪ | ১১ | ১৬ | ১৩ | ১১ | ১৫ | ১২ | ১২ |
| বৃহঃ | ১৮ | ১৬ | ১৩ | ১৮ | ১৫ | ১২ | ১৭ | ১৪ | ১২ | ১৬ | ১৩ | ১৩ |
| শুক্র | ১৯ | ১৭ | ১৪ | ১৯ | ১৬ | ১৩ | ১৮ | ১৫ | ১৩ | ১৭ | ১৪ | ১৪ |
| শনি | ২০ | ১৮ | ১৫ | ২০ | ১৭ | ১৪ | ১৯ | ১৬ | ১৪ | ১৮ | ১৫ | ১৫ |
| রবি | ২১ | ১৯ | ১৬ | ২১ | ১৮ | ১৫ | ২০ | ১৭ | ১৫ | ১৯ | ১৬ | ১৬ |
| সোম | ২২ | ২০ | ১৭ | ২২ | ১৯ | ১৬ | ২১ | ১৮ | ১৬ | ২০ | ১৭ | ১৭ |
| মঙ্গল | ২৩ | ২১ | ১৮ | ২৩ | ২০ | ১৭ | ২২ | ১৯ | ১৭ | ২১ | ১৮ | ১৮ |
| বুধ | ২৪ | ২২ | ১৯ | ২৪ | ২১ | ১৮ | ২৩ | ২০ | ১৮ | ২২ | ১৯ | ১৯ |
| বৃহঃ | ২৫ | ২৩ | ২০ | ২৫ | ২২ | ১৯ | ২৪ | ২১ | ১৯ | ২৩ | ২০ | ২০ |
| শুক্র | ২৬ | ২৪ | ২১ | ২৬ | ২৩ | ২০ | ২৫ | ২২ | ২০ | ২৪ | ২১ | ২১ |
| শনি | ২৭ | ২৫ | ২২ | ২৭ | ২৪ | ২১ | ২৬ | ২৩ | ২১ | ২৫ | ২২ | ২২ |
| রবি | ২৮ | ২৬ | ২৩ | ২৮ | ২৫ | ২২ | ২৭ | ২৪ | ২২ | ২৬ | ২৩ | ২৩ |
| সোম | ২৯ | ২৭ | ২৪ | ২৯ | ২৬ | ২৩ | ২৮ | ২৫ | ২৩ | ২৭ | ২৪ | ২৪ |
| মঙ্গল | ৩০ | ২৮ | ২৫ | ৩০ | ২৭ | ২৪ | ২৯ | ২৬ | ২৪ | ২৮ | ২৫ | ২৫ |
| বুধ | | ২৯ | ২৬ | ৩১ | ২৮ | ২৫ | ৩০ | ২৭ | ২৫ | ২৯ | ২৬ | ২৬ |
| বৃহঃ | | ৩০ | ২৭ | | ২৯ | ২৬ | ৩১ | ২৮ | ২৬ | ৩০ | ২৭ | ২৭ |
| শুক্র | | ৩১ | ২৮ | | ৩০ | ২৭ | | ২৯ | ২৭ | ৩১ | ২৮ | ২৮ |
| শনি | | | ২৯ | | ৩১ | ২৮ | | ৩০ | ২৮ | | | ২৯ |
| রবি | | | ৩০ | | | ২৯ | | | ২৯ | | | ৩০ |
| সোম | | | | | | ৩০ | | | ৩০ | | | ৩১ |
| মঙ্গল | | | | | | | | | ৩১ | | | |

**নির্দেশিকাঃ**

ভর্তিঃ ৯ - ১০ শাওয়াল/ ১৯-২০ এপ্রিল। দরস (ক্লাস) শুরুঃ ১১ শাওয়াল/ ২১ এপ্রিল।
অর্ধবার্ষিক পরীক্ষাঃ ৫ রবিঃ আউঃ/ ৯ সেপ্টেঃ। বার্ষিক পরীক্ষাঃ ১৪ শাবান/ ১৪ ফেব্রুয়ারি।

**বিরতিঃ**

ঈদুল আযহার বিরতীঃ ৭ - ১৮ জিলহজ্ব/ ১৪ জুন হতে ২৫ জুন।
অর্ধবার্ষিক পরীক্ষা পরবর্তি বিরতীঃ ১৪ - ২০ রবিঃ আউঃ/ ১৯ সেপ্টেঃ হতে ২৬ সেপ্টেঃ।
রমযানের বিরতিঃ ২৫ শাবান/ ২৫ ফেব্রুয়ারি হতে।

**মাসিক বিরতিঃ**

৮-১১ মে, ২৪-২৭ জুলাই, ২১-২৫ আগস্ট, ২৩-২৬ অক্টোঃ, ২০-২৩ নভেঃ, ১৮-২১ ডিসেঃ, ২২-২৫ জানুঃ।